সপ্তম অধ্যায়

তফসিল-১

[ধারা ৪ দ্রষ্টব্য]

[Customs Act, 1969 (Act IV of 1969) এর
FIRST SCHEDULE এর প্রতিস্থাপন]

“**FIRST SCHEDULE**
[Bangladesh Customs Tariff]

(See section 18)

(পৃথকভাবে মুদ্রিত)”

তফসিল-২

প্রথম অংশ

[অর্থ আইন, ২০১৪ এর ধারা ৫৬ দ্রষ্টব্য]

প্রথম অংশ
১ জুলাই, ২০১৪ তারিখে আরব্ধ কর বৎসরের জন্য আয়করের হার

অনুচ্ছেদ-ক

Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 2(46) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (person) মধ্যে যাহাদের ক্ষেত্রে অনুচ্ছেদ-খ প্রযোজ্য হইবে না সেই সকল প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হইবে, যথাঃ-

মোট আয়	**হার**
(ক) প্রথম ২,২০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ---	শূন্য
(খ) পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	১০%
(গ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	১৫%
(ঘ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	২০%
(ঙ) পরবর্তী ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-	২৫%
(চ) অবশিষ্ট মোট আয়ের উপর --------------------------	৩০% :

তবে শর্ত থাকে যে, মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ২,৭৫,০০০/- টাকা; প্রতিবন্ধী করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৩,৫০,০০০/- টাকা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,০০,০০০/- টাকাঃ

আরও শর্ত থাকে যে, ন্যূনতম করের পরিমাণ কোন ভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হইবে নাঃ

এলাকার বিবরণ	ন্যূনতম **করের হার (টাকা)**
সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০.০০
জেলা সদরের পৌরসভায় অবস্থিত করদাতা	২,০০০.০০
অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা	১,০০০.০০ঃ

আরও শর্ত থাকে যে, কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন, যথা :-

	বিবরণ	রেয়াতের হার
(অ)	যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে	সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%;
(আ)	যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয়	সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%;

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে "সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area)" বা "স্বল্প উন্নত এলাকা (less developed area)" অর্থ Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 45 এর sub-section (2A) এর clause (b) এবং clause (c) এর বিধান অনুসারে বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area) বা স্বল্প উন্নত এলাকা (less developed area)।

অনুচ্ছেদ-খ

কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং সে সকল করদাতা যাহাদের ক্ষেত্রে Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

(১) "যে কোম্পানীর রেজিষ্ট্রীকৃত অফিস বাংলাদেশে অবস্থিত সেই কোম্পানী হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য" সর্ব প্রকার আয়ের উপর-

(ক) দফা (খ), (গ), (ঘ) ও (ঙ) তে বর্ণিত কোম্পানীসমূহের ক্ষেত্র ব্যতীত-

(অ)	এইরূপ প্রত্যেকটি কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company-	উক্ত আয়ের ২৭.৫% : তবে শর্ত থাকে যে, এইরূপ publicly traded company যদি ১০% এর কম লভ্যাংশ ঘোষণা করে অথবা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ঘোষিত লভ্যাংশ প্রদান না করে তাহা হইলে উক্ত publicly traded company এর কর হার হইবে ৩৫%: তবে আরো শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানী যাহা publicly traded company নহে, উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offerings (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহা হইলে এইরূপ কোম্পানী উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করিবে;
(আ)	এইরূপ প্রত্যেকটি কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company নহে, এবং স্থানীয় কর্তৃপক্ষসহ Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 2 এর clause (20) এর sub-clause (a), (b), (bb), (bbb) ও (c) এর আওতাধীন অন্যান্য কোম্পানীর ক্ষেত্রে--------------------	উক্ত আয়ের ৩৫%:

(খ)	ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতীত) এর ক্ষেত্রে ---	উক্ত আয়ের ৪২.৫%;
(গ)	মার্চেন্ট ব্যাংক এর ক্ষেত্রে	উক্ত আয়ের ৩৭.৫%;

(ঘ)	সিগারেট প্রস্তুতকারক কোম্পানীর ক্ষেত্রে-	উক্ত আয়ের ৪৫%: তবে শর্ত থাকে যে, এইরূপ প্রত্যেকটি সিগারেট প্রস্তুতকারক কোম্পানী publicly traded company হইলে সেইক্ষেত্রে কর হার হইবে ৪০%;
(ঙ)	মোবাইল ফোন অপারেটর কোম্পানীর ক্ষেত্রে --	উক্ত আয়ের ৪৫%ঃ তবে শর্ত থাকে যে, মোবাইল ফোন অপারেটর কোম্পানী যদি উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যাহার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর বেশী থাকিতে পারিবে না, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর করতঃ Publicly traded company তে রূপান্তরিত হয় সেই ক্ষেত্রে কর হার হইবে ৪০%ঃ আরও শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানী উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offerings (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহা হইলে এইরূপ কোম্পানী উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করিবে;

(২) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোন কোম্পানী অথবা আইন অনুযায়ী গঠিত সংবিধিবদ্ধ কোন প্রতিষ্ঠান হইতে ১৪ আগষ্ট, ১৯৪৭ এর পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত পুঁজির উপরে ঘোষিত ও পরিশোধিত ডিভিডেন্ড আয়ের উপর বা বাংলাদেশে নিবন্ধিত নয় এইরূপ বিদেশী কোম্পানীর মুনাফা প্রত্যাবাসন যাহা Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 2 এর clause (26) এর sub-clause (dd) অনুসারে লভ্যাংশ হিসেবে গণ্য, তাহার উপর প্রযোজ্য কর----	উক্ত আয়ের ২০%;

(৩) কোম্পানী নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এইরূপ ব্যক্তি শ্রেণীভুক্ত করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর------ উক্ত আয়ের ৩০%।

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে "publicly traded company" বলিতে এইরূপ কোন পাবলিক লিমিটেড কোম্পানীকে বুঝাইবে যাহা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) অনুসারে বাংলাদেশে নিবন্ধিত এবং যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসর সমাপ্তির পূর্বে উক্ত কোম্পানীটির শেয়ার ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইয়াছে।

দ্বিতীয় অংশ

(অর্থ আইন, ২০১৪ এর ধারা ৫৭ দ্রষ্টব্য)

সারচার্জের হার

যদি কোন ব্যক্তি-করদাতা (assessee being individual) যাহার Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses) তে প্রদর্শিত নীট পরিসম্পদের মূল্যমান (total net worth) নিম্নরূপ হয়, সেইরূপ ব্যক্তি করদাতার ক্ষেত্রে আয়কর প্রযোজ্য এইরূপ আয়ের উপর প্রযোজ্য আয়করের উপর নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হইবে, যথাঃ-

নীট পরিসম্পদের মূল্যমান	**সারচার্জের হার**
(ক) দুই কোটি টাকা পর্যন্ত -	শূন্য
(খ) দুই কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয়-	১০%
(গ) দশ কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয়-	১৫%
(ঘ) বিশ কোটি টাকার অধিক কিন্তু ত্রিশ কোটি টাকার অধিক নয়-	২০%
(ঙ) ত্রিশ কোটি টাকার অধিক যে কোন অংকের উপর --	২৫% ।